গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
বান্দরবান পার্বত্য জেলা
(সংস্থাপন শাখা)
www.bandarban.gov.bd

নম্বর: ০৫.৪২.০৩০০.০০০.২১০.১১.০০০১.২৫.৫৭৭

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩২ / ১৪ অক্টোবর ২০২৫

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ০৭ আগস্ট ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.০০০.১৬৬.১১.০০২১.১৫-৯১; ১৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.০০০.১৬৬.১১.০০২১.১৫.১১১ এবং ০৩ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.০০০.১৬৬.১১.০০২১.১৫.১০৬ সংখ্যক স্মারকের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা ও এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ এবং সার্কিট হাউজের জন্য নিম্নবর্ণিত পদসমূহ পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল, ২০১৫ মোতাবেক সাধারণ রাজস্ব খাতে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**সংস্থাপন শাখা**

| ক্রমিক নম্বর | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১. | কম্পিউটার অপারেটর | ০১ (এক) টি | গ্রেড-১৩<br>১১০০০-২৬৫৯০/- | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা;<br>গ) স্প্রেডশিট ও প্রেজেন্টেশন-এ দক্ষতা; এবং<br>ঘ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং/ ডাটা এন্ট্রি ও টাইপিং এ সর্বনিম্ন প্রতি মিনিটে কম্পিউটার লিখনে বাংলায় ২৫ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude এ উত্তীর্ণ হতে হবে। |
| ০২. | বেঞ্চ সহকারী | ০২ (দুই) টি | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা;<br>(গ) স্প্রেডশিট ও প্রেজেন্টেশন-এ দক্ষতা; এবং<br>ঘ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি ও টাইপিং সর্বনিম্ন প্রতি মিনিটে কম্পিউটার লিখনে বাংলায় ২০ এবং ইংরেজিতে ২০ শব্দের গতি থাকতে হবে। |
| ০৩. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১ (এক) টি | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরিক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা;<br>(গ) স্প্রেডশিট ও প্রেজেন্টেশন-এ দক্ষতা; এবং<br>ঘ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি ও টাইপিং সর্বনিম্ন প্রতি মিনিটে কম্পিউটার লিখনে বাংলায় ২০ এবং ইংরেজিতে ২০ শব্দের গতি থাকতে হবে। |
| ০৪. | লাইব্রেরি সহকারী | ০১ (এক) টি | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরিক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা;<br>(গ) স্প্রেডশিট ও প্রেজেন্টেশন-এ দক্ষতা; এবং<br>ঘ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি ও টাইপিং সর্বনিম্ন প্রতি মিনিটে কম্পিউটার লিখনে বাংলায় ২০ এবং ইংরেজিতে ২০ শব্দের গতি থাকতে হবে। |
| ০৫. | হিসাব সহকারী | ০৫ (পাঁচ) টি | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরিক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা;<br>(গ) স্প্রেডশিট ও প্রেজেন্টেশন-এ দক্ষতা; এবং<br>ঘ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি ও টাইপিং সর্বনিম্ন প্রতি মিনিটে কম্পিউটার লিখনে বাংলায় ২০ এবং ইংরেজিতে ২০ শব্দের গতি থাকতে হবে। |

নেজারত শাখা

| ক্রমিক নম্বর | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০৬. | অফিস সহায়ক | ০৫ | গ্রেড ২০<br>৮২৫০-২০০১০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ০৭. | পরিচ্ছন্নতাকর্মী | ০৯ | গ্রেড ২০<br>৮২৫০-২০০১০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ০৮. | নিরাপত্তা প্রহরী | ১৫ | গ্রেড ২০<br>৮২৫০-২০০১০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে |
| ০৯. | মালি | ০১ | গ্রেড ২০<br>৮২৫০-২০০১০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |

সার্কিট হাউজ

| ক্রমিক নম্বর | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১০. | পরিচ্ছন্নতাকর্মী | ০১ | গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ১১. | নিরাপত্তা প্রহরী | ০৩ | গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে |
| ১২. | মালি | ০১ | গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ১৩. | বেয়ারার | ০৩ | গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ১৪. | বাবুর্চি | ০১ | গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | (ক) কোন স্বীকৃতবোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) রান্নার কাজে অন্যূন ০৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা |
| ১৫. | সহকারী বাবুর্চি | ০১ | গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) রান্নার কাজে অন্যূন ০৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা |

## শর্তাবলি:

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। প্রার্থীর বয়সসীমা ০১ অক্টোবর ২০২৫ তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে (সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-সরকারি কর্তৃপক্ষ, পাবলিক নন-ফাইন্যানসিয়াল কর্পোরেশনসহ স্ব-শাসিত সংস্থাসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা নির্ধারণ অধ্যাদেশ, ২০২৪ অনুযায়ী)। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৩। অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সকল সনদপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে:

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র;

খ) অতিরিক্ত যোগ্যতা, অভিজ্ঞতা, কম্পিউটার এর প্রমাণস্বরূপ সকল সনদপত্র;

গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ;

ঙ) আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় নির্দেশিত প্রমাণকের মূলকপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে;

চ) আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে সে মর্মে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিতা/মাতা মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সনদের সত্যায়িত কপি এবং মুক্তিযোদ্ধার সন্তান হলে সেক্ষেত্রে প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়ন পত্র;

ছ) শারীরিক প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

জ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;
ঝ) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সার্কুলার অনুসারে জেলা প্রশাসক/সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দা সনদ;
ঞ) ডাউনলোডকৃত Applicant copy এর কপি;
ট) লিখিত পরীক্ষার প্রবেশ পত্রের সত্যায়িত ফটোকপি।

০৫। এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদসমূহ পূরণে 'জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধিত ২০২৪)' অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৬। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে। অন্যথায় কর্তৃপক্ষ আবেদনকারীর বিরুদ্ধে যে কোন আইনি পদেক্ষপ গ্রহণ করতে পারবে বা তথ্য গোপন করে কেউ যদি আবেদন করে থাকেন বা পরীক্ষায় উত্তীর্ণ হন, পরবর্তীতে নিয়োগকারী কর্তৃপক্ষ তা জানতে পারলে তার চাকরি বাতিল বলে বিবেচিত হবে।

০৭। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

০৮। উপযুক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত পরীক্ষায় এবং লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হবে।

০৯। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১০। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্থলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না। অথবা উক্ত তথ্য গোপন করে কেউ যদি আবেদন করে থাকেন বা পরীক্ষায় উত্তীর্ণ হন, পরবর্তীতে নিয়োগকারী কর্তৃপক্ষ তা জানতে পারলে তার চাকরি বাতিল বলে বিবেচিত হবে।

১১। প্রার্থী কেবলমাত্র একটি পদে আবেদন করতে পারবেন। একাধিক পদের বিপরীতে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। নিয়োগ পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একটি পদের বিপরীতে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে।

১২। বিভাগীয় নির্বাচনী বোর্ড, চট্টগ্রাম কর্তৃক লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার মাধ্যমে উত্তীর্ণ প্রার্থীদের নিয়োগ করা হবে।

## অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলি

১৩। ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি https://dcbandarban.teletalk.com.bd এই ওয়েবসাইটে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

**i) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৩ অক্টোবর ২০২৫ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকা**

**ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৬ নভেম্বর ২০২৫ খ্রি. তরিখ বিকাল ৫.০০ ঘটিকা।**

উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে ক্রমিক নম্বর ১-৫ পর্যন্ত পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/- (একশত বার) টাকা এবং ক্রমিক নম্বর ৬-১৫ পর্যন্ত পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ০৬/- (ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। সকল গ্রেডের পদে অনগ্রসর নাগরিকদের (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থী) আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ০৬/- (ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা। অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজ সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে "Online-এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: DCBANDARBAN<space>User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে
Example: DCBANDARBAN ABCDEF & send to 16222
Reply: Applicant's Name, Tk. 112/56 Will be charged as Applicantion fee. Your PIN is 12345678. To pay fee Type DCBANDARBAN Yes PIN and send to 16222.

দ্বিতীয় SMS: DCBANDARBAN <space>Yes<space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে
Example: DCBANDARBAN Yes 12345678 & send to 16222
Reply: Congratulations Applicant's Name, Payment Completed Successfully for DCBANDARBAN Applicantion for the post xxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxx)

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dcbandarban.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে, বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে:
DCBANDARBAN <space>Help<space>User<space>User ID & send to 16222
Example: DCBANDARBAN Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে:
DCBANDARBAN<space>Help<space>PIN <space> PIN No & send to 16222
Example: DCBANDARBAN Help PIN 12345678 & send to 16222

(ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এ ক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলার ওয়েবসেইট www.bandarban.gov.bd এবং https://dcbandarban.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য (www.bandarban.gov.bd) ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

(ট) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে alljobs.query@teletalk.com.bd বা dcbandarban@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/SMS এর subject-এ Organization Name: Dc Bandarban, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

টেলিটক পোর্টালের
QR Code

জেলা প্রশাসক, বান্দরবান জেলার
ওয়েবসাইটে প্রবেশের QR Code

১৪। পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৬। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৪.১০.২৫

শামীম আরা রিনি
জেলা প্রশাসক
ফোন: ০২৩৩৩৩০২১০১
E-mail- dcbandarban@mopa.gov.bd

নম্বর: ০৫.৪২.০৩০০.০০০.২১০.১১.০০০১.২৫.৫৭৭

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩২
১৪ অক্টোবর ২০২৫

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. কমিশনার ও সভাপতি, বিভাগীয় নির্বাচনী বোর্ড, চট্টগ্রাম
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, প্রধান কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা
৬. জেলা প্রশাসক.......................................... (সকল)
৭. মুখ্য নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা
৮. পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা
৯. সিভিল সার্জন, বান্দরবান পার্বত্য জেলা
১০. বিভাগীয় প্রধান........................................ (সকল), বান্দরবান পার্বত্য জেলা
১১. প্রশাসক, বান্দরবান/লামা পৌরসভা, বান্দরবান পার্বত্য জেলা
১২. উপজেলা নির্বাহী অফিসার.............................(সকল), বান্দরবান পার্বত্য জেলা
১৩. সহকারী কমিশনার (ভূমি).............................(সকল), বান্দরবান পার্বত্য জেলা
১৪. সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, বান্দরবান পার্বত্য জেলা
১৫. জেলা তথ্য অফিসার, বান্দরবান পার্বত্য জেলা (বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১৬. সহকারী কমিশনার, আইসিটি শাখা, এ কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা- [বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ ]
১৭. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বান্দরবান পার্বত্য জেলা
১৮. ডেপুটি জেনারেল ম্যানেজার, মার্কেটিং এন্ড ভ্যাস ডিপার্টমেন্ট/ ব্যবস্থাপক, ডিজিটাল সার্ভিসেস, টেলিটক বাংলাদেশ লিমিটেড, গুলশান-১, ঢাকা-১২১২
১৯. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক যুগান্তর, ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ (উক্ত বিজ্ঞাপ্তিটি ১৬ অক্টোবর ২০২৫ তারিখের মধ্যে (১২ইঞ্চি×৬ ইঞ্চি) সাইজের ভিতরের পাতায় ০১ (এক) দিনের জন্য তার বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশ করে ০৫ (পাঁচ) কপি জেলা প্রশাসক, বান্দরবান বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
২০. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক নতুন বাংলাদেশ, বান্দরবান পার্বত্য জেলা। উপরিউক্ত বিজ্ঞাপ্তিটি ১৬ অক্টোবর ২০২৫ তারিখের মধ্যে (১২ ইঞ্চি×৬ ইঞ্চি) সাইজের ০১ (এক) দিনের জন্য পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে প্রকাশ করে পত্রিকার ০৫ (পাঁচ) কপি জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
২১. নোটিশ বোর্ড/অফিস কপি

১৪.১০.২৫

শামীম আরা রিনি
জেলা প্রশাসক